

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-৩  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০১.২০১৮.(খন্ড-১).৯২

তারিখ: ১৩/০২/২০১৮ খ্রি:

বিষয় : মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-১৫০৫/২০১৬ এর ১৫.০২.২০১৬ তারিখের অন্তর্বর্তীকালীন আদেশ এবং কনটেম্পট পিটিশন নং-২৭৮/২০১৬ এর আলোকে কুড়িগ্রাম জেলার রাজারহাট উপজেলাধীন আদর্শ দ্বি-মুখী উচ্চ বিদ্যালয়ের স্থগিত এম.পি.ও ছাড়করণ সংক্রান্ত ।

সূত্র : ১. ইউওনোট নং-৩৭.০০.০০০০.০৩১.০২.০৩.১৬/২৮ তারিখ : ৪.০২.২০১৮খ্রি:  
২. ৩৭.০২.০০০০.১১১.৩৩.০৭৭.১৬-১৬/৪ তারিখ : ১০.০১.২০১৮খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত নিম্নরূপ :

Our opinion is that the ministry/directorate is under legal obligation to comply with the order of the Honor able Court and as such the Directorate should take necessary steps to comply with the order of the Honor able Court immediately.

০২। উল্লেখ্য, কুড়িগ্রাম জেলার রাজারহাট উপজেলাধীন আদর্শ দ্বিমুখী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মো: লুৎফর রহমানের বিরুদ্ধে জানুয়ারী/২০১৬ এ বিধি বহির্ভূতভাবে ৩০১ জন শিক্ষক কর্মচারীর কোড পরিবর্তনে সহায়তা করার অভিযোগ উঠে। তদন্তে উক্ত প্রক্রিয়ার সাথে জনাব মো: লুৎফর রহমানের জড়িত থাকার প্রমাণ পাওয়া যায়। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে তাকে কারণ দর্শানো হয় এবং জানুয়ারী/২০১৬ মাসে তার এম.পি.ও. স্থগিত করা হয়।

০৩। পরবর্তীতে জনাব লুৎফর রহমান তার এম.পি.ও স্থগিতের বিরুদ্ধে মাননীয় হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-১৫০৫/২০১৬ দায়ের করেন। মামলার অন্তর্ভুক্তিকালীন আদেশ রুল শুনানী অনিষ্পন্ন সাপেক্ষে ০৩ মাস মেয়াদের জন্য বাদীর এম.পি.ও. স্থগিত থেকে বিরত থাকার জন্য সরকার পক্ষকে নির্দেশনা প্রদান করে।


০৪। বিধিবহির্ভূত ভাবে কোড পরিবর্তন প্রক্রিয়ার সাথে জড়িত থাকার অভিযোগটি তদন্তে প্রমানিত হওয়ায় জনবল কাঠামো নির্দেশিকার ১৮ অনুযায়ী কুড়িগ্রাম জেলার রাজারহাট উপজেলাধীন আদর্শ দ্বি-মুখী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মো: লুৎফর রহমান এর স্থগিত এম.পি.ও ছাড়করণের সুযোগ নেই। বিষয়টি সংশ্লিষ্ট কনটেম্পট আদালত এবং সলিসিটর উইং কে অবহিত করার জন্য এ বিভাগের আইন সেল কে পত্র দেয়া হয়।

০৫। হাইকোর্ট বিভাগের অন্তর্বর্তীকালীন আদেশ বাস্তবায়ন না হওয়ায় তিনি কনটেম্পট পিটিশন নং-২৭৮/২০১৬ দায়ের করেন। বর্ণিত কনটেম্পট মামলার সর্বশেষ ৩১/১০/২০১৭ তারিখের আদেশে উল্লেখ করা হয়েছে যে,

**We further direct the contemner-respondents to implement the aforesaid judgment and order forthwith without any fail as a last chance.**

০৬। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-১৫০৫/২০১৬ এর ১৫.০২.২০১৬ তারিখের অন্তর্বর্তীকালীন আদেশ এবং কনটেম্পট পিটিশন নং-২৭৮/২০১৬ এর আলোকে কুড়িগ্রাম জেলার রাজারহাট উপজেলাধীন আদর্শ দ্বি-মুখী উচ্চ বিদ্যালয়ের স্থগিত এম.পি.ও ছাড়করণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে

  
 (নুসরাত জাবীন বানু)  
 যুগ্মসচিব  
 ফোন : ৯৫৪০৫১৭

মহাপরিচালক  
 মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
 শিক্ষা ভবন, ঢাকা

সদয় অবগতি ও কার্যার্থে :

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৩. সিনিয়র সহকারী সচিব (আইন), আইন সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৪. ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৫. ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব (বেসরকারি মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।